

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

بَابٌ فِي فَضل ِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ، حَدَّتَنَا مِهْرَانُ، حَدَّتَنَا أَبُو سِنَانٍ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَمْرِو بْنِ مَيْمُونٍ، قَالَ: «ذَهَبَ عُمَرُ بِثُلُثَي الْعِلْمِ». قَالَ: فَذَكَرْتُ لِإِبْرَاهِيمَ، فَقَالَ: ذَهَبَ عُمَرُ بِتِسْعَةِ أَعْشَارِ الْعِلْمِ

في إسناده علتان: ضعف محمد بن حميد وأبو سنان سعيد بن سنان متأخر السماع من أبي إسحاق السبيعي

বাংলা

৩৬৭. আবু ইসহাক হতে বর্ণিত, তিনি আমর ইবনু মাইমুন থেকে বর্ণনা করেন, তিনি বলেন: উমার রাদ্য়িাল্লাহ আনহু জ্ঞানের দুই-তৃতীয়াংশ নিয়ে চলে গিয়েছেন (মৃত্যুবরণ করেছেন)। তিনি (বর্ণনাকারী) বলেন, এ কথা ইবরাহীমের নিকট উল্লেখ করা হলে তিনি বলেন: বরং দশভাগের নয়ভাগ ইলম নিয়ে উমার রাদ্য়িাল্লাহ আনহু চলে গিয়েছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদে দু'টি ত্রুটি রয়েছে। মুহাম্মদ্ বিন হুমাইদ যয়ীফ। আবু সিনান সাঈদ ইবনু সিনান আবু ইসহাক সাবিঈ থেকে কিছু শোনা থেকে পিছিয়ে রয়েছে।

তাখরীজ: এখানে ছাড়া এ আছারটি আর কোথাও আমরা পাইনি।

তবে ইবরাহীমের দিকে সম্পৃক্ত না করে ইবনু মাসউদের কথা হিসেবে এটি বর্ণনা করেছেন আবু খায়ছামা, আল ইলম নং ৬১, এর রাবীগণ নির্ভরযোগ্য কিন্তু এটি মুনকাতি' বা বিচ্ছিন্ন। ইবরাহীম নাখঈ ইবনু মাসউদ থেকে কিছু



শ্রবণ করেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন